# বুলুগুল মারাম

## হাদিস নাম্বারঃ ১২৪

পর্ব - ১ঃ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৮. গোসল ও যৌন অপবিত্র ব্যক্তির (জুনুবী) হুকুম - জুনুবী গোসলের জন্য মনোযোগ আবশ্যক

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ ـ رضي الله عنه ـ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم: إِنَّ تَحْتَ كُلِّ شَعْرَةٍ جَنَابَةً, فَاغْسِلُوا الشَّعْرَ, وَأَنْقُوا الْبَشَرَ». رَوَاهُ أَبُو دَاوُد, وَالتِّرْمِذِيُّ وَضَعَّفَاهُ

منكر. رواه أبو داود (248)، والترمذي (106)

বাংলা

১২৪। আবূ হুরাইরা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, 'প্রত্যেক চুলের গোড়ায় নাপাকী থাকে। অতএব তোমরা (ফরয গোসলের সময়) চুলসমূহ (ভালভাবে) ধুয়ে নাও ও চামড়া পরিষ্কার করো'। আবূ দাউদ ও তিরমিযী একে বর্ণনা করে য'ঈফ বলেছেন।[1]

## English

Narrated Abu Hurairah (RAA):
Allah's Messenger (Peace be upon him) said: "There is Janabah (trace of sexual impurity) under every hair, so wash your hair and cleanse the skin."
Abu Dawud and at-Tirmidhi transmitted it but they declared it to be weak.

ফুটনোট

[1] মুনকার। আবু দাউদ ২৪৮; ইমাম আবু দাউদ বলেন, এর সনদে হারেস বিন ওয়াযীহ রয়েছে যার হাদীস মুনকার আর সে দুর্বল। তিরমিযী ১০৬ বলেন, তার হাদীস গরীব। তিনি তেমন কোন শায়খ নন। ইবনু হাযম তার

আল-মুহাল্লা (২/২৩২), ইবনু আব্দুল বার আত-তামহীম (২২/৯৯), ইমাম সানিয়ানী সুবুলুস সালাম (১/১৪৪) ইমাম বায়হাকী আল খিলাফিয়াহ (২/২৪১) গ্রন্থে উক্ত হাদীসকে মুনকার ও রাবীকে দুর্বল আখ্যা দিয়েছেন। মুহাদ্দিস আযীমাবাদী গায়াতুল মাকসুদ (২/৩৪৩), শায়খ আলবানী যঈফ ইবনু মাজাহ হাঃ ১১৮ গ্রন্থে হাদীসটিকে দুর্বল বলেছেন ।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69935

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন